তারিখ 16 NOV 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৫

দৈনিক জনকণ্ঠ



**বদরগঞ্জ :** স্কুলমাঠে স্থাপনা গড়ে ওঠায় শিক্ষা কার্যক্রম ব্যাহত —জনকণ্ঠ

# স্কুলমাঠ দখল করে বাজার ॥ ব্যাহত শিক্ষা কার্যক্রম

**সংবাদদাতা, বদরগঞ্জ, রংপুর, ১৫ নবেম্বর ॥** বদরগঞ্জে এক বিদ্যালয়ে একদিকে শ্রেণী কক্ষে চলছে শিশুদের পাঠাদান। আবার সেই শ্রেণী কক্ষের পাশেই বিদ্যালয়ের মাঠ দখল করে বসানো হয়েছে ব্যবসা প্রতিষ্ঠান আর এসব ব্যবসা প্রতিষ্ঠানে গ্রাহক টানতে দোকানদাররা উচ্চৈঃস্বরে বাজাচ্ছে টেলিভিশনের বিভিন্ন চ্যানেলে গান-বাজনা। এর সঙ্গে আছে বাজারে আসা মানুষের বাড়তি হৈ-হুল্লোড়। ক্লাস ছেড়ে কোন কোন শিক্ষার্থী ওইসব দোকানে এসে দেখছেন ভারতীয় চ্যানেলে কিরণমালাসহ নানা অনুষ্ঠান। এতসব শব্দ দূষণের মধ্যেই ওই বিদ্যালয়ে চলছে শিশুদের পাঠদান। কিন্তু বিদ্যালয় কর্তৃপক্ষ কিংবা শিক্ষার্থীদের এ নিয়ে যেন কিছুই করার নেই। কারণ একটি প্রভাবশালী মহল কোমলমতি শিশুদের পাঠদান লাটে তুলে বিদ্যালয় মাঠে বসিয়েছেন দোকানপাট। এমনই এক বিদ্যালয়ের খোঁজ মিলেছে রংপুরের বদরগঞ্জ উপজেলার মধুপুর ইউনিয়নের সন্তোষপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে। জানা যায়, শিক্ষানুরাগী আহম্মেদ সরকার ও মফিজ উদ্দিন ১৯৩৫ সালে ৯৫ শতক জমি দান করলে সন্তোষপুর বিদ্যালয়টি স্থাপন করা হয়। বর্তমানে বিদ্যালয়সংলগ্ন এলাকার কয়েক প্রভাবশালী ব্যক্তি সরকারী ওই প্রাথমিক বিদ্যালয়ের মাঠের প্রায় ৬০ শতাংশ জমি দখল করে সেখানে বাজার বসিয়েছেন। প্রভাবশালীদের দখলকৃত জমি ও অবৈধ স্থাপনা উচ্ছেদসহ লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ রক্ষার জন্য অভিভাবকরা বিদ্যালয় কর্তৃপক্ষ বরাবরে একাধিকবার আবেদন করেও কোন ফল পায়নি। প্রভাবশালীদের চাপে বিদ্যালয় কর্তৃপক্ষ যেন অসহায়। মঙ্গলবার সরেজমিন দেখা যায়, শ্রেণী কক্ষের পাশে ওই বিদ্যালয়ের মাঠের বিশাল জায়গা দখল করে বসানো হয়েছে চা-সিগারেট তরিতরকারিসহ মুদিদোকান। সেখানে ছোট বড় মিলে প্রায় ৪০টি দোকানঘর গড়ে তুলে মাসোহারা নেয়া হচ্ছে। এতে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। এদিকে স্কুলের মাঠ দখল হয়ে যাওয়ায় খেলাধুলা থেকে বঞ্চিত হচ্ছে কোমলমতি শিক্ষার্থীরা।